

অঙ্গীকারনামা

بسم الله الرحمن الرحيم

অত্র অঙ্গীকারনামা অদ্য : ১ জানুয়ারী, ২০২৩ইং তারিখে নিম্নলিখিত পক্ষদ্বয়ের মধ্যে সম্পাদিত হলো।

জনাব, আমির হোসেন, এনআইডি নম্বর : 3214587254, জাতীয়তা : বাংলাদেশী

- প্রথম পক্ষ (খান দাতা) :

ডালিম মোশাররফ, পিতা : মোহাম্মদ আবুল কালাম আজাদ, মাতা : আমিনা বেগম, স্থায়ী ও বর্তমান ঠিকানা : বাসা নং-১৮, দক্ষিণ খান বাজার, পো: দক্ষিণ খান, থানা: দক্ষিণ খান, ঢাকা-১২৩৪০, জাতীয়তা : বাংলাদেশী, এনআইডি নম্বর : 2325021547, পেশা : ব্যবসা, ধর্ম : ইসলাম, মোবাইল : 01783989949,

- দ্বিতীয় পক্ষ : (খান গ্রহীতা)

পরম করুনাময় মহান আল্লাহ তা'আলার নামে উপরে উল্লেখিত বিষয়ের আইনানুগ বয়ান শুরু করছি। যেহেতু আমরা উভয় পক্ষ পরস্পর পরস্পরকে দীর্ঘ দিন যাবত চিনি ও জানি এবং আমাদের মাঝে পারিবারিক সম্পর্ক রয়েছে। এমতাবস্থায়, আমার ব্যক্তিগত প্রয়োজনে অর্থের সংকীর্ণতা থাকায় প্রথম পক্ষের কাছ থেকে খান গ্রহনের ইচ্ছা প্রকাশ করায়, আমরা উভয় পক্ষ একমত হয়ে আলাপ আলোচনার মাধ্যমে ভবিষ্যৎ জটিলতা নিরসনকল্পে অদ্য হাজিরান মজলিশে স্বাক্ষীগণের মোকাবেলায় প্রথম পক্ষ জনাব, আমির হোসেন এর কাছ থেকে নিম্ন লিখিত শর্তে খান গ্রহন করলাম।

শর্তসমূহ :

১. ঋণের পরিমাণ : ১০,০০০০০/= দশ লক্ষ টাকা
২. যেভাবে পরিশোধ হবে : মাসিক কিস্তিতে
৩. যে মাধ্যমে পরিশোধ হবে : ঋণ গ্রহীতার পছন্দ মত চেক/নগদ যে কোন পলিসিতে ঋণ পরিশোধ করা যেতে পারে।
৪. পরিশোধের সর্বশেষ তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০২৪ ইং
৫. অঙ্গীকারনামা প্রদানের তারিখ : ১ জানুয়ারী, ২০২৩ইং
৬. যে পরিমাণ প্রতিবারে প্রদান করা হবে : ৫০০০/= (পাঁচ হাজার) টাকা
৭. ঋণ গ্রহণের বিষয়টি যারা অবহিত : উক্ত অর্থগ্রহণের বিষয়টি আমার পরিবারের বাবা/মা সহ সকলে অবহিত।
৮. উক্ত অর্থের কিস্তি/লভ্যাংশ/মুদারাবা কিংবা সমুদয় অর্থ পরিশোধে প্রথম পক্ষ ঋণ গ্রহীতা যদি কোনরকম তালবাহানা বা গরিমসি করে তাহলে দ্বিতীয় পক্ষ ঋণদাতা, প্রথম পক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন বা বিষয়টি সর্ব আদালতে গ্রহণযোগ্য হবে। এবং এই অঙ্গীকারনামার ক্ষমতাবলে দ্বিতীয় পক্ষ ঋণদাতা প্রথম পক্ষ ঋণ গ্রহীতার স্থাবর ও অস্থাবর সম্পত্তি আদায় করে নিতে পারবেন। এতে প্রথম পক্ষ ঋণ গ্রহীতার ওয়ারিশদের কোনো ওজর বা আপত্তি থাকবেনা।

৯. দ্বিতীয় পক্ষ খান গ্রহীতার আকস্মিক মৃত্যুতে খান গ্রহীতার উল্লেখিত ওয়ারিশগণ প্রথম পক্ষ খানদাতার উক্ত অর্থ পরিশোধের সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবেন।

এতদ্বারা স্বৈচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ শরীর, সুস্থ মস্তিষ্কে এবং সরল মনে কারো কোন প্ররোচনা ব্যতিত এ অঙ্গীকারনামার মর্মার্থ ও ফলাফল পুরোপুরি অবগত হয়ে নিম্ন স্বাক্ষীগণের সম্মুখে আমরা উভয়ে স্বহস্তে স্বাক্ষর এবং বা হাতের বৃদ্ধাঙ্গুলির টিপসহি প্রদান করলাম।

অদ্য ১ জানুয়ারী, ২০২৩ইং তারিখে এই চুক্তিনামাটি ১০০ টাকার ৩টি ননজুডিশিয়াল স্ট্যাম্প কম্পিউটারে কম্পোজকৃত এবং খানগ্রহীতা, খানদাতা ও স্বাক্ষীগণের সহি স্বাক্ষর সম্পাদন করা হলো। ইতি,

মুসাবিদাকারকের নাম : এডভোকেট কামাল হোসেন, ঠিকানা : বি. এন .এস সেন্টার, তৃতীয় তলা, সেকটর-০৭, উত্তরা, ঢাকা-১২৩০, মোবাইল :+৮৮০১২৫৪১২৫৪

খান গ্রহীতার স্বাক্ষর : ✓ _____

খান দাতার স্বাক্ষর : ✓ _____

স্বাক্ষীগণের স্বাক্ষর :

1. ✓ _____

2. ✓ _____

3. ✓ _____